

'আর দাবায়ে রাখতে পারবা না'

# গৃহঋণ বার্তা

শেখ হাসিনার ভিশন, সবার জন্য আবাসন

বিএইচবিএফসি'র ষাণ্মাসিক বুলেটিন




বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

দ্বাদশ বর্ষ
২য় সংখ্যা

জুলাই - ডিসেম্বর
২০২৩ খ্রি.


## ব্যবস্থাপক সম্মেলন-২০২৩ অনুষ্ঠিত






প্রধান অতিথি (ডান থেকে চতুর্থ) মহোদয়সহ মঞ্চে উপবিষ্ট সকলের জাতীয় সংগীতের প্রতি দাঁড়িয়ে শ্রদ্ধা প্রদর্শন।(ইনসেটে) অংশগ্রহণকারীদের একাংশ।

গত ২৯ জুলাই, শনিবার রাজধানীর বিদ্যুৎ ভবনস্থ মুক্তি হলে বিএইচবিএফসি 'ব্যবস্থাপক সম্মেলন-২০২৩' অনুষ্ঠিত হয়। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি)'র সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সম্মেলনটির শুভ উদ্বোধন ঘোষণা করেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ এবং পর্ষদের তিন পরিচালক এবং এফআইডি'র উর্ধ্বতন নির্বাহীবৃন্দ সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী এবং মহাব্যবস্থাপকবৃন্দ সম্মেলনে উপস্থিত থেকে বিভিন্ন গুরুত্বপূর্ণ পর্ব ও আনুষ্ঠানিকতা পরিচালনা করেন। বিএইচবিএফসি'র মাঠ পর্যায়ের সকল অফিসের অফিস প্রধানদের অংশগ্রহণে প্রতিবছর এ সম্মেলনের আয়োজন করা হয়ে থাকে। এবছর সর্বমোট ৯৪টি মাঠ কার্যালয়ের ব্যবস্থাপকগণ সম্মেলনে অংশগ্রহণ করেন। এছাড়াও, সদর দফতরের এসপিও ও তদুর্ধ্ব পর্যায়ের কর্মকর্তাবৃন্দ সম্মেলনে অংশগ্রহণ করেন। বিএইচবিএফ'সির সেবার মান উন্নয়নের ধারা অব্যাহত রাখা এবং এটিকে জনসাধারণের আরো কাছে নিয়ে যাওয়ার জন্য প্রধান অতিথি সকলের প্রতি আহ্বান জানান।



পর্ষদের চেয়ারম্যান (মাঝে) এর সভাপতিত্বে একটি সভার দৃশ্য

## পরিচালনা পর্ষদের ছয়টি সভা অনুষ্ঠিত

গত ২৭ জুলাই, ১৭ আগস্ট, ৩০ সেপ্টেম্বর, ১২ অক্টোবর, ১৬ নভেম্বর এবং ২৪ ডিসেম্বর বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের মোট ৬টি সভা অনুষ্ঠিত হয়। প্রতিটি সভায় সভাপতিত্ব করেন বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান প্রফেসর ড. মো. সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ । সভায় পরিচালনা পর্ষদের অন্যতম পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান, জনাব মো. হাফিজুর রহমান, অতিরিক্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, জনাব অমল কৃষ্ণ মন্ডল, অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় ও জনাব মো. মোসলেহ উদ্দিন, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর উপস্থিত ছিলেন। এছাড়া, বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপক জনাব মো. তোফায়েল আহমেদ, মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম এবং প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ সভায় অংশগ্রহণ করেন।

## পর্ষদ অডিট কমিটির সভা অনুষ্ঠিত

গত ২০ সেপ্টেম্বর, বুধবার বিএইচবিএফসি পর্ষদ সভাকক্ষে পর্ষদ অডিট কমিটির ৫২-তম সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের সম্মানিত পরিচালক ও পর্ষদ অডিট কমিটির সভাপতি জনাব অমল কৃষ্ণ মন্ডল, অতিরিক্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়। সভায় পর্ষদের পরিচালক ড. নাছিমা আকতার, যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এবং পরিচালক জনাব মো. আব্দুল মান্নান, ব্যবস্থাপনা পরিচালক বিএইচবিএফসি উপস্থিত ছিলেন। এছাড়াও, উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী এবং সংশ্লিষ্ট মহাব্যবস্থাপক ও উপমহাব্যবস্থাপকবৃন্দ সভায় অংশগ্রহণ করেন।



জনাব অমল কৃষ্ণ মন্ডল (মাঝে) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট নির্বাহীবৃন্দ

## গৃহঋণ সেবাপক্ষ পালন

গত ১ নভেম্বর, বুধবার বিএইচবিএফসি'র পর্ষদ সভাকক্ষে গৃহঋণ সেবাপক্ষ ২০২৩'এর উদ্বোধন ও কর্মকৌশল পর্যালোচনার্থে এক বিশেষ সভা অনুষ্ঠিত হয়। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান সভায় সভাপতিত্ব করেন। উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপক জনাব মো. তোফায়েল আহমেদ, মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম এবং উপমহাব্যবস্থাপকবৃন্দ সভায় উপস্থিত ছিলেন। এছাড়াও, জোনাল ও শাখা ম্যানেজারগণ ভার্চুয়ালি সভায় অংশগ্রহণ করেন। ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জন মনিটরিংয়ের দায়িত্বপ্রাপ্ত টিমসমূহের টিম-প্রধানগণও সভায় উপস্থিত ছিলেন। এসময় মহাব্যবস্থাপক এবং উপব্যবস্থাপনা পরিচালক বিভিন্ন মতামত ও কর্মকৌশল নিয়ে আলোচনা করেন। সার্বিক আলোচনার পর ব্যবস্থাপনা পরিচালক সেবা পক্ষের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা ও গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন।



জনাব মো. আব্দুল মান্নান (মাঝে) এর সভাপতিত্বে উপস্থিত নির্বাহীবৃন্দের একাংশ




তথ্য অধিকার বিষয়ে বক্তব্যরত জনাব মীনাক্ষী বর্মন (ডান থেকে দ্বিতীয়)

## তথ্য অধিকার বিষয়ক সচেতনতা বৃদ্ধিকরণ সভা

গত ২১ ডিসেম্বর, বৃহস্পতিবার বিএইচবিএফসি, পল্লবী শাখা অফিসে তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণের নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে এক সভা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি ঢাকা পূর্ব-এর জোনাল ম্যানেজার জনাব মো. তারিকুর রহমান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব ও তথ্য প্রদানকারী কর্মকর্তা জনাব মীনাক্ষী বর্মন এবং বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক ও এপিএ টিম লিডার জনাব অরুন কুমার চৌধুরী বিশেষ অতিথি হিসেবে সভায় অংশগ্রহণ করেন। বিএইচবিএফসি'র উপমহাব্যবস্থাপক ও তথ্য প্রদানকারী কর্মকর্তা জনাব মো. বদিউজ্জামান এবং পল্লবী শাখায় কর্মরত কর্মকর্তাবৃন্দসহ উল্লেখযোগ্য সংখ্যক গ্রাহক ও সেবাপ্রত্যাশী অংশীজন এবং বিভিন্ন পেশাজীবী প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন। সভায় অংশীজনদের সেবা গ্রহণের ক্ষেত্রে তথ্য অধিকার সহ বিভিন্ন অভিজ্ঞতা, পরামর্শ ও প্রশ্নোত্তর বিষয়ে বিশদ আলোচনা করা হয়।

## শুদ্ধাচার সংক্রান্ত সভা অনুষ্ঠিত

গত ২০ ডিসেম্বর, বুধবার বিএইচবিএফসি, সাভার শাখা অফিসে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস) কর্মপরিকল্পনা ২০২৩-২৪ সংক্রান্ত এক সভা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি ঢাকা পশ্চিম-এর জোনাল ম্যানেজার জনাব আনন্দ কুমার ঘোষ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্পোরেশনের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী এবং মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম বিশেষ অতিথি হিসেবে সভায় অংশগ্রহণ করেন। উপমহাব্যবস্থাপক জনাব মো. বদিউজ্জামান, উপমহাব্যবস্থাপক জনাব আবু বকর সিদ্দিক খান এবং সাভার শাখায় কর্মরত কর্মকর্তাবৃন্দসহ উল্লেখযোগ্য সংখ্যক গ্রাহক ও সেবা প্রত্যাশী অংশীজন এবং সংবাদ মাধ্যম ও সুশীল সমাজের প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন। সভায়



অংশীজনদের প্রশ্নের জবাব দিচ্ছেন ব্যবস্থাপনা পরিচালক

অংশীজনদের সেবা গ্রহণের ক্ষেত্রে বিভিন্ন অভিজ্ঞতা, পরামর্শ ও প্রশ্নোত্তর বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক বিশদ আলোচনা করেন।

## মহাব্যবস্থাপক হলেন বিএইচবিএফসি'র চার উপমহাব্যবস্থাপক

বিএইচবিএফসি চার উপমহাব্যবস্থাপক (ডিজিএম)-কে মহাব্যবস্থাপক (জিএম) পদে পদোন্নতি দেয়া হয়েছে। গত ২৩ নভেম্বর, বৃহস্পতিবার, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি) এক প্রজ্ঞাপন জারীর মাধ্যমে বিভিন্ন বিশেষায়িত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মোট সাতজন ডিজিএম-কে মহাব্যবস্থাপক পদে পদোন্নতি প্রদান করে। এর মধ্যে বিএইচবিএফসি থেকে পদোন্নতিপ্রাপ্ত জিএমবৃন্দ হলেন যথাক্রমে সর্বজনাব নিপু রানী মিত্র, মো. শফিকুল ইসলাম মিঞা, মো. জহিরুল হক এবং মোহাম্মদ মিজানুর রহমান। প্রজ্ঞাপনটিতে পদোন্নতিপ্রাপ্ত জিএম-দের উপমহাব্যবস্থাপক হিসেবে দায়িত্বপালনকালীন সময়ের (নিজ নিজ) প্রতিষ্ঠানে পদায়নের বিষয়টিও উল্লেখ করা হয়। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান কর্পোরেশনের সকল বিভাগ, সংগঠন এবং প্রতিষ্ঠানটির সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে পদোন্নতিপ্রাপ্তদের ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানানো হয়। এসময়



পদোন্নতিপ্রাপ্ত জিএমদের অভিনন্দন জ্ঞাপনের একটি দৃশ্য

পদোন্নতিপ্রাপ্ত জিএমবৃন্দ ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।




ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে ধানমন্ডি ৩২-এ শ্রদ্ধা নিবেদন

# মহান বিজয় দিবস উদযাপন

গত ১৬ ডিসেম্বর, মহান বিজয় দিবসে সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধা নিবেদন করে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)। এদিন সকাল ৮ টায় জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদনে নেতৃত্ব দেন প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান। বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরীসহ মহাব্যবস্থাপকবৃন্দ, সদর দফতরে কর্মরত উপমহাব্যবস্থাপকবৃন্দ এবং বিপুল সংখ্যক কর্মকর্তা-কর্মচারী এতে অংশগ্রহণ করেন। দিবসটি উপলক্ষে বিএইচবিএফসি নানাবিধ কর্মসূচি গ্রহণ ও পরিপালন করে। প্রতিষ্ঠানের প্রতিটি জোনাল ও শাখা অফিস স্থানীয়ভাবে অনুরূপ নানাবিধ কর্মসূচি পালনের মধ্যদিয়ে দিবসটি উদযাপন করে।

# জাতীয় শোক দিবস পালন

গত ১৫ আগস্ট জাতীয় শোক দিবসে বিএইচবিএফসি'র পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। জাতির পিতার শাহাদাৎ বার্ষিকীতে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবসহ ১৫ আগস্ট, ১৯৭৫-এ নিহত সকল শহীদদের শ্রদ্ধা জানাতে নানাবিধ কর্মসূচী হাতে নেয় বিএইচবিএফসি। ১ আগস্ট থেকে শুরু হওয়া এসব কর্মসূচির অন্যতম অংশ হিসেবে ১৫ আগস্ট প্রতিষ্ঠানের প্রতিটি কার্যালয়ে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিত করা হয়। এরপর সকাল আটটায় কর্পোরেশনের সদর দফতরস্থ বঙ্গবন্ধু প্যাভিলিয়নে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর সকাল সাড়ে আটটায় বিএইচবিএফসি সদর দফতর মসজিদে কোরআন খতম এবং শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। দিনের অপর এক কর্মসূচি হিসেবে বেলা ১০ টায় রাজধানীর ধানমন্ডি ৩২-নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। সদর দফতরের এসব কর্মসূচিতে নেতৃত্ব প্রদান করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান। প্রতিষ্ঠানের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপক জনাব মো. তোফায়েল আহমেদ ও মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলামসহ সর্বস্তরের বিপুল সংখ্যক কর্মকর্তা-কর্মচারী কর্মসূচিতে স্বতঃস্ফুর্তভাবে অংশগ্রহণ করেন। দিনের অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল বৃক্ষের চারা রোপন, সকল অফিস কর্তৃক স্থানীয় প্রশাসনের কর্মসূচির সাথে সমন্বয় করে এ দিবসের কর্মসূচি পালন ও বঙ্গবন্ধুর জীবনী বিষয়ক আলোচনা ইত্যাদি ।



ব্যবস্থাপনা পরিচালকের নেতৃত্বে বনানী কবরস্থানে শ্রদ্ধা নিবেদন




খাদ্য বিতরণপূর্ব জমায়েত

# দুঃস্থদের মাঝে খাবার বিতরণ

গত ২৫ আগস্ট, শুক্রবার বিএইচবিএফসি'র পক্ষ থেকে দুস্থদের মাঝে খাদ্য বিতরণ করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিবসহ ১৫ আগস্ট ১৯৭৫-এ নিহত সকল শহিদদের শ্রদ্ধা জানাতে নানাবিধ কর্মসূচির অংশ হিসেবে এ খাদ্য বিতরণ কর্মসূচি পালন করা হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান-এঁর নেতৃত্বে পালিত এ কর্মসূচীতে উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপক জনাব মো. তোফায়েল আহমেদ ও মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলামসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃদ উপস্থিত ছিলেন।

## বঙ্গমাতার জন্মদিন উদযাপন



বঙ্গমাতার জন্মবার্ষিকীতে আলোচনা সভা

গত ৮ আগস্ট, মঙ্গলবার অপরাহ্ন সাড়ে ৫টায় কর্পোরেশনের সদর দফতরস্থ পরিচালনা পর্ষদ সভাকক্ষে জাতির পিতা বঙ্গবন্ধুর সহধর্মিনী বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব-এঁর ৯৩ তম জন্মবার্ষিকী উপলক্ষে এক বিশেষ আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, সকল মহাব্যবস্থাপক এবং সদর দফতরস্থ উপমহাব্যবস্থাপকবৃন্দসহ বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ সভাকক্ষে উপস্থিত ছিলেন।

## শেখ কামাল-এঁর জন্মদিন উদযাপন




গত ৭ আগস্ট, সোমবার অপরাহ্ন আড়াইটায় কর্পোরেশনের সদর দফতরস্থ পরিচালনা পর্ষদ সভাকক্ষে জাতির পিতা বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ পুত্র, বীর মুক্তিযোদ্ধা, বিশিষ্ট ক্রীড়া ও সাংস্কৃতিক সংগঠক শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর ৭৪ তম জন্মবার্ষিকী উপলক্ষে বিশেষ আলোচনা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, সকল মহাব্যবস্থাপক এবং সদর দফতরস্থ উপমহাব্যবস্থাপকবৃন্দসহ বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ সভাকক্ষে উপস্থিত ছিলেন। মাঠ পর্যায়ের সকল জোনাল, রিজিওনাল ও শাখা ম্যানেজারগণ সভায় ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন।

## শেখ রাসেল দিবস উদযাপন

গত ১৮ অক্টোবর, বুধবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর কনিষ্ঠ পুত্র




বনানী কবরস্থানে শেখ রাসেলের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ

শেখ রাসেল এর জন্মদিন উপলক্ষে সরকার ঘোষিত ‘শেখ রাসেল দিবস-২০২৩’ উদযাপন করা হয়। উদযাপনের অংশ হিসেবে বনানী কবরস্থানে তাঁর কবরে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করে বিএইচবিএফসি। প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নানের নেতৃত্বে উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী ও দুই মহাব্যবস্থাপকসহ বিএইচবিএফসির সর্বস্তরের বিপুলসংখ্যক কর্মকর্তা কর্মচারী শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে অংশগ্রহণ করেন।

বেলা সাড়ে ১১ টায় কর্পোরেশনের সদর দফতরস্থ বিএইচবিএফসি’র বঙ্গবন্ধু প্যাভিলিয়নে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, সকল মহাব্যবস্থাপক এবং সদর দফতরস্থ উপমহাব্যবস্থাপকবৃন্দসহ বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

# নোয়াখালীতে অংশীজন সভা অনুষ্ঠিত



প্রধান অতিথির বক্তব্য রাখছেন জনাব মো. আজিমুদ্দিন বিশ্বাস

গত ২৩ সেপ্টেম্বর, শনিবার নোয়াখালী সার্কিট হাউজ মিলনায়তনে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে এক সভা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান -এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অতিরিক্ত সচিব ও এপিএ টিম লিডার জনাব মো. আজিমুদ্দিন বিশ্বাস, এনডিসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্পোরেশনের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম, উপমহাব্যবস্থাপক জনাব মো. বদিউজ্জামান এবং কুমিল্লা জোনের ছয়টি শাখায় কর্মরত কর্মকর্তাবৃন্দসহ গ্রাহক ও সেবাপ্রত্যাশী অংশীজন এবং সংবাদ মাধ্যম ও সুশীল সমাজের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

# অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অবহিতকরণ সভা

গত ১২ ডিসেম্বর, মঙ্গলবার বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে 'অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজন অবহিতকরণ' শীর্ষক এক সভা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান প্রধান অতিথি হিসেবে এর শুভ উদ্বোধন ঘোষণা এবং গুরুত্বপূর্ণ আলোচনা করেন। প্রতিষ্ঠানের উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী'র সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় বিশেষ অতিথি ও মূখ্য আলোচক হিসেবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের যুগ্মসচিব ও অভিযোগ নিস্পত্তি কর্মকর্তা ড. নাহিদ হোসেন উপস্থিত ছিলেন। কর্পোরেশনের মহাব্যবস্থাপকবৃন্দ, সদর দফতরে কর্মরত উপমহাব্যবস্থাপকবৃন্দ ও সহকারী মহাব্যবস্থাপকবৃন্দসহ ঢাকার




কয়েকটি শাখার অর্ধশতাধিক গ্রাহক ও সেবাপ্রত্যাশী অংশীজন এ সভায় উপস্থিত ছিলেন। সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা, এতে সর্বসাধারণের প্রবেশাধিকার, প্রবেশের পন্থা-পদ্ধতি, এর উপযোগীতা এবং অংশীজনদের বিভিন্ন জিজ্ঞাসার বিষয়ে বিশদ আলোচনা করা হয়।

# বিএইচবিএফসি-বিশ্ব ব্যাংক দ্বিপাক্ষিক বৈঠক

গত ৪ অক্টোবর বুধবার বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) ও বিশ্ব ব্যাংক প্রতিনিধি দলের মধ্যে এক দ্বিপাক্ষিক সভা



অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি সদর দফতরে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নানের সভাপতিত্বে বিশ্বব্যাংক-এর জয়েন্ট ক্যাপিটাল মার্কেট ডেভেলপমেন্ট প্রোগ্রাম (J-CAP)) মিশন এর অংশ হিসেবে World Bank Housing Mission শীর্ষক এ সভা অনুষ্ঠিত হয়। সভায় Mortgage Refinancing Institutions প্রতিষ্ঠার Views, Market Experience, Ideas on Affordable Housing সহ বিএইচবিএফসির মাধ্যমে বিশ্ব ব্যাংকের অর্থায়ন সম্ভাব্যতার নানা দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। বিশ্ব ব্যাংকের আর্থিক সেক্টর স্পেশালিস্ট যথাক্রমে মি. সিমন ক্রিস্টোফার ওয়েলি ও সাদিয়া আফরিন, কনসালটেন্ট এস এম সাইমুজ্জামান, সিনিয়র অপারেশন্স অফিসার আয়েশা বেগম এবং বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী ও মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম সভায় অংশগ্রহণ করেন।

# বিএইচবিএইচবিএফসি- আইএফসি দ্বিপাক্ষিক বৈঠক

গত ২৩ নভেম্বর ২০২৩, বৃহস্পতিবার বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) ও বিশ্ব ব্যাংক গ্রুপ এর প্রতিষ্ঠান ইন্টারন্যাশনাল ফাইনান্স কর্পোরেশন (আইএফসি) প্রতিনিধি দলের মধ্যে এক দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি সদর দফতরে প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নানের সভাপতিত্বে 'Bangladesh Microfinance Sector Development Diagnostic' শীর্ষক এ দ্বিপাক্ষিক পরামর্শক সভা অনুষ্ঠিত হয়। সভায় আইএফসি'র পরামর্শক দল এবং বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী ও বৈদেশিক অর্থায়ন ও প্রকল্প ইউনিট এর কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।



## তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ



গত ৩০ অক্টোবর, সোমবার ঢাকায় বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে 'Smart Home Loan (sHL) of BHBFC : Deconstruction of Bangladesh' শীর্ষক এক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ বিভাগের মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত কোর্সটির উদ্বোধনী অনুষ্ঠানে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান প্রধান অতিথি হিসেবে এর উদ্বোধন ঘোষণা করেন। বিশেষ অতিথি হিসেবে উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপক জনাব মো. তোফায়েল আহমেদ, জনাব তৌকির আহাম্মেদ, লেকচারার, আইআইটি, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জনাব দেলোয়ার হোসেন, ট্রেইনার, IBCS-Primax Software Bangladesh Ltd. উপস্থিত ছিলেন।

## গ্রীন অ্যাফোর্ডেবল হাউজিং ফাইনান্স বিষয়ক প্রশিক্ষণ



গত ২ সেপ্টেম্বর, শনিবার অপরাহ্ন ৩ টায় বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে বিশেষজ্ঞদের অংশগ্রহণে গ্রীন অ্যাফোর্ডেবল হাউজিং ফাইনান্স মডেল বিষয়ক (দিনের প্রথম ভাগে অনুষ্ঠিত গোলটেবিল বৈঠকের আলোচনার উপর ভিত্তি করে) এক লার্নিং সেশন অনুষ্ঠিত হয়। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেশনে আমন্ত্রিত বিশেষজ্ঞ হিসেবে জনাব খন্দকার মোর্শেদ মিল্লাত (ফ্যাকাল্টি, বিআইবিএম, এক্স-জিএম, এসএফডি, বাংলাদেশ ব্যাংক), অনন্ত আহমেদ (গ্রীন বিল্ডিং এক্সপার্ট, লিড এক্রিডিটেড প্রফেশনাল), জনাব মো. নাফিজুর রহমান (প্রিন্সিপাল রিসার্চ অফিসার, এইচবিআরআই), জনাব শায়লা শহিদ (ক্লাইমেট চেঞ্জ এন্ড জেন্ডার এক্সপার্ট, আইসিসিসিএডি) এবং ইঞ্জি. তৌফিক রহমান (অ্যাসিস্টেন্ট ডিরেক্টর, এসআরইডিএ) উপস্থিত ছিলেন। বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপক জনাব মো.খাইরুল ইসলামসহ সংশ্লিষ্ট উমহাব্যবস্থাপকবৃন্দ এবং বিভিন্ন পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ লার্নিং সেশনে অংশগ্রহণ করেন।

## `Laws and Practices of BHBFC' শীর্ষক প্রশিক্ষণ

গত ১০ ও ১১ আগস্ট, বৃহস্পতি ও শুক্রবার, ঢাকায় বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে 'Laws and Practices of BHBFC' শীর্ষক দুইদিনের এক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ বিভাগের মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান প্রধান অতিথি হিসেবে কোর্সটির উদ্বোধন ঘোষণা করেন। বিশেষ অতিথি হিসেবে উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী ও মহাব্যবস্থাপক জনাব মো. তোফায়েল আহমেদসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



## বুনিয়াদী প্রশিক্ষণ কোর্স



গত ৪ জুলাই, মঙ্গলবার থেকে ঢাকায় বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে 'Orientation Programme and Foundation Training' শীর্ষক তিনদিনের এক বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ বিভাগের মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান কোর্সটির উদ্বোধন ঘোষণা করেন এবং একটি গুরুত্বপূর্ণ সেশন পরিচালনা করেন। বেলা ২ টায় উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী একটি বিশেষ সেশন পরিচালনা করেন। এ বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে সদ্য যোগদানকৃত সর্বমোট ৩২ জন অফিসার (১০ম গ্রেড) প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন।

## স্মার্ট অ্যাকাউন্টিং বিষয়ক প্রশিক্ষণ

গত ২০ সেপ্টেম্বর, বুধবার ঢাকায় বিএইচবিএফসি প্রশিক্ষণ কেন্দ্রে 'Smart Accounting for BHBFC' শীর্ষক তিন দিনের এক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ বিভাগের মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত এ প্রশিক্ষণ কোর্সের প্রথম পর্বে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান প্রধান অতিথি হিসেবে কোর্সটির উদ্বোধন ঘোষণা করেন। বিশেষ অতিথি হিসেবে উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী ও মহাব্যবস্থাপক জনাব মো. তোফায়েল আহমেদসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



# এপিএ-তে টানা চতুর্থবার প্রথম

২০২২-২৩ অর্থবছরে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নে রাষ্ট্র-মালিকানাধীন অ-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান ক্যাটাগরীতে টানা ৪র্থ বারের মতো প্রথম স্থান অর্জন করেছে বাংলাদেশ হাউজ বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি)।



সাফল্য অর্জনে সামনে থেকে নেতৃত্ব প্রদান করায় ব্যবস্থাপনা পরিচালককে ফুলেল অভিনন্দন

গত ৩০ আগস্ট অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ (এফআইডি) কর্তৃক জারীকৃত এক মূল্যায়ন পত্রে এ বিষয়টি নিশ্চিত করা হয়। এপিএ বাস্তবায়নে বিএইচবিএফসি এ বছর রাষ্ট্রায়ত্ত সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে সর্বোচ্চ ৯৯ দশমিক ৫৯ শতাংশ নম্বর পেয়ে প্রথম স্থান অর্জন করে। এ উপলক্ষ্যে বিএইচবিএফসি ট্রেনিং ইনস্টিটিউটে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান এঁর সভাপতিত্বে তাৎক্ষণিকভাবে এক সভা অনুষ্ঠিত হয়। উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপক জনাব মো. তোফায়েল আহমেদ, মহাব্যবস্থাপক জনাব মো. খাইরুল ইসলাম, সদর দপ্তরে কর্মরত উপমহাব্যবস্থাপকবৃন্দসহ সকল কর্মকর্তা- কর্মচারী এসময় উপস্থিত ছিলেন। ব্যবস্থাপনা পরিচালক তাঁর বক্তব্যে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব জনাব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ এবং বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। একই সাথে তিনি বিএইচবিএফসি'র সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের ধন্যবাদ জানিয়ে সাফল্যের এই ধারা অব্যাহত রাখার আহ্বান জানান। এসময় উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে কর্পোরেশনের সকল কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে ফুল দিয়ে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

# নতুন ৬টি শাখা অফিসের উদ্বোধন

গত ২ জুলাই ২০২৩ রবিবার বিএইচবিএফসি'র নতুন ছয়টি শাখার সেবা ও ব্যবসায় কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়। প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব মো. আব্দুল মান্নান প্রধান অতিথি হিসেবে এর শুভ উদ্বোধন ঘোষণা করেন। শাখাগুলো হলো ঃ শরীয়তপুর, মেহেরপুর, বরগুনা, নীলফামারী, বান্দরবান ও নড়াইল। ভার্চুয়ালি অনুষ্ঠিত এ উদ্বোধনী অনুষ্ঠানে বিএইচবিএফসি'র উপব্যবস্থাপনা পরিচালক জনাব অরুন কুমার চৌধুরী, মহাব্যবস্থাপকবৃন্দ, উপমহাব্যবস্থাপকবৃন্দসহ



উদ্বোধনী বক্তব্যরত ব্যবস্থাপনা পরিচালক (মাঝে)

ছয়টি নতুন শাখার ম্যানেজার, সংশ্লিষ্ট জোনাল ম্যানেজার এবং সংশ্লিষ্ট এলাকাসমূহের বিভিন্ন সেবাপ্রার্থী নাগরিক সাধারণ অংশগ্রহণ করেন।


গৃহঋণ বার্তা

বিএইচবিএফসি'র বিশেষ প্রকাশনা

প্রধান পৃষ্ঠপোষক

**মো. আব্দুল মান্নান**
ব্যবস্থাপনা পরিচালক

নির্বাহী সম্পাদক

**অরুন কুমার চৌধুরী**
উপব্যবস্থাপনা পরিচালক

সম্পাদক

**মো. বদিউজ্জামান**
উপমহাব্যবস্থাপক
মার্কেটিং ও জনসংযোগ বিভাগ

সহযোগী সম্পাদক

**মো. রফিকুল ইসলাম**
প্রিন্সিপাল অফিসার
ট্রেনিং ইনস্টিটিউট

শিল্প সম্পাদক

**মো. ইমতিয়াজুল ইসলাম**
প্রিন্সিপাল অফিসার
মার্কেটিং বিভাগ

প্রকাশনা

**পিএমইডি বিভাগ**
বিএইচবিএফসি, ২২, পুরানা পল্টন, ঢাকা-১০০০
info@bhbfc.gov.bd, web : www.bhbfc.gov.bd